দৈনিক ইত্তেফাক

তাং 03 MAY 1987 পৃষ্ঠা ৯ কলাম ৩

১৯ সে বৈশাখ, ১৩৯৪

ঢাকা বিশ্ববিদ্যালয়

# বিএসসি বিকম পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার ফল প্রকাশ

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সনের বিএসসি ও বিকম পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা অনুষ্ঠানের ৭ মাস পর গতকাল (শনিবার) ফল প্রকাশিত হইয়াছে। উল্লেখ্য, গত বছর সেপ্টেম্বর মাসে পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিএসসি (পাস)-এর পাসের হার ৪৭ দশমিক ৯৬ ভাগ

( ২য় পৃঃ দ্রঃ )

## পরীক্ষার ফল প্রকাশ

( ১ম পৃঃ পর )

সাবসিডিয়ারী পাসের হার ৩০ দশমিক ৯ শতাংশ। বি. কম (পাস)-এর পাসের হার শতকরা ৩৪ দশমিক ২ ভাগ, আর সাবসিডিয়ারী পাসের হার ৪০ দশমিক ২ শতাংশ। বিএসসি (পাস) পরীক্ষায় ৬ হাজার ২ শত ১ জনের মধ্যে ৬ জন প্রথম বিভাগে, ১ হাজার ১ শত ৮৭ জন দ্বিতীয় বিভাগে, ১ হাজার ৭ শত ৭৬ জন তৃতীয় বিভাগে এবং ৫ জন 'পাস' পাইয়া উত্তীর্ণ হইয়াছেন। বিএসসি (সাবসিডিয়ারী) পরীক্ষায় ২ হাজার ৫ শত ৯৮ জনের মধ্যে ৮ শত ৩৪ জন কৃতকার্য হইয়াছেন।

বি কম (পাস) পরীক্ষার্থী ছিলেন ৫ হাজার ৮ শত ৪২ জন। ২ জন প্রথম বিভাগ, ৩ শত ২৩ জন দ্বিতীয় বিভাগ এবং ১ হাজার ৬ শত ৭৩ জন তৃতীয় বিভাগ পাইয়াছেন। বি কম ( সাবসিডিয়ারী ) পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২হাজার ৪শত ৭৩। কৃতকার্য হইয়াছেন ৯ শত ৯৫ জন। বিএসসি (পাস) পরীক্ষার ফলে শীর্ষস্থানে আছে মুন্সীগঞ্জের সরকারী হরগঙ্গাকলেজ। ৯২জনের মধ্যে ১ জন প্রথম বিভাগে, ৪২ জন দ্বিতীয় বিভাগে এবং ৪৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন। পাসের হার শতকরা ৯৪ দশমিক ৬ ভাগ।

বিকম (পাস) পরীক্ষায় অধিক পাসের দিক দিয়া সর্বোচ্চ স্থানে রহিয়াছে সরকারী ভাণ্ডারিয়া কলেজ। ১৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৪ জন দ্বিতীয় বিভাগে এবং ১২ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন। পাসের হার ৮৪ দশমিক ২ শতাংশ কয়েকটি প্রাচীন ও অতীতের সুনামওয়ালা কলেজের ফল খুবই খারাপ, আবার কয়েকটি 'অখ্যাত' কলেজের ফল অবিশ্বাস্যভাবে 'ভালো'। বিএসসি (পাস) পরীক্ষায় পাশের হার বরিশাল সরকারী বিএম কলেজ (১৯ দশমিক ৫ শতাংশ), ঢাকা কলেজ ( ৩৯ শতাংশ ), তিতুমীর সরকারী কলেজ, ঢাকা ( ২৭ দশমিক ৮ ভাগ )। অপরদিকে মাদারীপুরের বরহামগঞ্জ মহাবিদ্যালয়/শিবচর (৮৮ দশমিক ৯ শতাংশ ), টাঙ্গাইলের ঘাটাইল ব্রাহ্মণশাসন গণ মহাবিদ্যালয় (৮৮ শতাংশ), কাপাসিয়া ডিগ্রী কলেজ (৮০ দশমিক ৯ ভাগ), ভোলা সরকারী কলেজ (৮২ দশমিক ৬ শতাংশ)।

বি, কম (পাশ) পরীক্ষায়ও একই অবস্থা। বরিশাল সরকারী বি এম কলেজ (৫ দশমিক ৭ ভাগ) কবি নজরুল সরকারী কলেজ (১৭ দশমিক ৬ শতাংশ), ইডেন মহিলা কলেজ (৪৩ দশমিক ২ ভাগ), ঢাকা কলেজ (৪৭ দশমিক ৭ শতাংশ)। তিতুমীর কলেজ, ঢাকা (৫০ শতাংশ)। অপরদিকে বোয়ালমারী কলেজ (৮৩ দশমিক ৩ ভাগ), জামালপুর কলেজ (৮২ দশমিক ৮ ভাগ), শ্রীপুর ডিগ্রী কলেজ (আশি শতাংশ), মীর্জাপুর কলেজ (৭৯ দশমিক ৭ ভাগ) বিকম (পাস) পরীক্ষায় মুন্সীগঞ্জের সরকারী হরগঙ্গা কলেজের ৫৯ জনের মধ্যে ৭ জন দ্বিতীয় বি[illegible] [illegible] ৩৪ জন তৃতীয় বিভাগে [illegible]র্ণ হন (৬৯ দশমিক ৫ ভাগ)। বেশ কিছু কলেজের অল্প সংখ্যক পরীক্ষার্থীর কেহই উত্তীর্ণ হন নাই।

বিএসসি (পাস) পরীক্ষায় সর্বোচ্চ সংখ্যক পরীক্ষার্থী জগ- [illegible]

জন দ্বিতীয় বিভাগ, ৮৬ জন তৃতীয় বিভাগ এবং ২ 'পাস' পাইয়াছেন (২২ শতাংশ) বি কম (পাস) পরীক্ষার্থী সর্বোচ্চ ছিল ঢাকা সিটি কলেজের—৭ শত ৯৬ জন। ১ জন প্রথম বিভাগ, ১ শত ১০ জন দ্বিতীয় বিভাগ [illegible] ২ শত [illegible]২ জন তৃতীয় বিভাগ পাইয়াছেন (৪৬ দশমিক ৮ শতাংশ)।

গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে বি, এস-সি (পাস) পরীক্ষার্থী ছিল ১ শত ২৩ জন। ৮৬ জন দ্বিতীয় এবং ২ জন তৃতীয় বিভাগ পাইয়াছেন, পাশের হার শতকরা [illegible] দশমিক ৫ ভাগ।